**25/2023**

**Roll No.** | | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

*Signature of Invigilator*

**Question Booklet Series** **X**

**PAPER–II** **Question Booklet No.**

**Subject Code : 13**

# GEOGRAPHY

*Time : 2 Hours* *Maximum Marks: 200*

***Instructions for the Candidates***

1. Write your Roll Number in the space provided on the top of this page as well as on the OMR Sheet provided.
2. At the commencement of the examination, the question booklet will be given to you. In the first 5 (five) minutes, you are requested to open the booklet and verify it:
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page.
   (ii) Faulty booklet, if detected, should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.
   (iii) Verify whether the Question Booklet No. is identical with OMR Answer Sheet No.; if not, the full set is to be replaced.
   (iv) After this verification is over, the Question Booklet Series and Question Booklet Number should be entered on the OMR Sheet.
3. This paper consists of One Hundred (100) multiple-choice type questions. All the questions are compulsory. Each question carries *two* marks.
4. Each Question has four alternative responses marked: Ⓐ Ⓑ Ⓒ Ⓓ . You have to darken the circle as indicated below on the correct response against each question.
   *Example:* Ⓐ Ⓑ ● Ⓓ , where Ⓒ is the correct response.
5. Your responses to the questions are to be indicated correctly in the OMR Sheet. If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Rough work is to be done at the end of this booklet.
7. If you write your Name, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except in the space allotted for the relevant entries, which may disclose your identity or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
8. Do not tamper or fold the OMR Sheet in any way. If you do so, your OMR Sheet will not be evaluated.
9. You have to return the Original OMR Sheet to the invigilator at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry question booklet and duplicate copy of OMR Sheet after completion of examination.
10. **Use only Black Ball point pen.**
11. **Use of any calculator, mobile phone, electronic devices/gadgets etc. is strictly prohibited.**
12. **There is no negative marks for incorrect answer.**

***পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী***

১. এই পৃষ্ঠার উপরিভাগের নির্দিষ্ট স্থানে এবং OMR পত্রের নির্দিষ্ট স্থানে নিজের ক্রমিক সংখ্যা (Roll No.) লিখুন।

২. পরীক্ষার সূচনায় প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) আপনাকে দেওয়া হবে। প্রথম ৫ (পাঁচ) মিনিটেই প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) খুলে নিবিড় ভাবে যাচাই করে নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে ঃ
   (i) প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) উন্মুক্ত করতে প্রচ্ছদ পৃষ্ঠার (Cover Page) প্রান্তস্থ কাগজের সীলটি আপনাকে খুলতে হবে।
   (ii) যদি প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ত্রুটিযুক্ত এমন নির্ধারিত হয়, তাহলে পরীক্ষা শুরুর প্রথম পাঁচ মিনিটের মধ্যে পরীক্ষা পরিদর্শক সেটি সঠিক প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) দ্বারা প্রতিস্থাপিত করে দেবেন। এই সময়ের পর কোনও ভাবে প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) প্রতিস্থাপন করা যাবে না। কোনও অতিরিক্ত সময়ও দেওয়া হবে না।
   (iii) প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) এবং OMR পত্রের নম্বর অভিন্ন আছে কিনা যাচাই করে নেবেন। নম্বরে অমিল থাকলে সম্পূর্ণ সেট্‌টি প্রতিস্থাপিত করতে হবে।
   (iv) যাচাই সম্পূর্ণ হলে প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) সিরিজ এবং প্রশ্নপত্র পুস্তিকার (বুকলেট) নম্বর OMR পত্রে লিপিবদ্ধ করতে হবে।

৩. এই পত্রটিতে একশত (১০০)-টি বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (Multiple-choice Type Questions) রয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান *দুই*।

৪. প্রতিটি প্রশ্নের উত্তররূপে চারটি বৃত্ত (Circle) চিহ্নিত বিকল্প উত্তর রয়েছে ঃ Ⓐ Ⓑ Ⓒ Ⓓ । নিম্নলিখিত নির্দেশমত আপনাকে সঠিক উত্তরটির বৃত্ত ঘন কালো করতে হবে।
   *উদাহরণ* ঃ Ⓐ Ⓑ ● Ⓓ, যেখানে সঠিক উত্তর Ⓒ ।

৫. আপনার দেওয়া প্রশ্নের সঠিক উত্তরগুলি যেন OMR পত্রের নির্দিষ্ট স্থানেই দেওয়া হয়। OMR পত্রের নির্দিষ্ট বৃত্তের বাইরে উত্তর দিলে কোনও ভাবেই তা মূল্যায়িত হবে না।

৬. প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) শেষ অংশে রাফ কাজ (rough work) করবেন।

৭. OMR পত্রের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট তথ্য প্রদান ব্যতীত আপনি যদি অতিরিক্ত কোনও ব্যক্তিগত তথ্য যথা— নাম, ফোন নম্বর লেখেন অথবা এমন কোনও ইঙ্গিত দেন যার দ্বারা আপনার ব্যক্তিগত পরিচয় চিহ্নিত হতে পারে অথবা কোনও অবমাননাকর ভাষার প্রয়োগ হয় অথবা অসৎ কোনও উপায় অবলম্বন করা হয় যথা— আঁচড় দিয়ে বা সাদা কালি দিয়ে উত্তর পরিবর্তনের প্রয়াস করা হয়, সেক্ষেত্রে আপনি আপনার উত্তরপত্র বাতিলের জন্য দায়ী থাকবেন।

৮. OMR পত্রটি কোনও ভাবে ক্ষতিগ্রস্ত করবেন না বা ভাঁজ করবেন না। সেক্ষেত্রে আপনার OMR পত্রটি মূল্যায়িত হবে না।

৯. পরীক্ষা সমাপ্ত হলে আবশ্যিক ভাবে প্রকৃত (Original) OMR পত্রটি পরীক্ষা পরিদর্শককে জমা দিতে হবে এবং কোনও ভাবে এটি পরীক্ষা কক্ষের বাইরে নিজের সঙ্গে বহন করা যাবে না। আপনি অবশ্য পরীক্ষা সমাপ্ত হওয়ার পর প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ও OMR পত্রের প্রতিলিপি (Duplicate) কপিটি নিজের সঙ্গে বহন করে নিয়ে যেতে পারবেন।

১০. **শুধুমাত্র কালো বল্ পয়েন্ট পেন ব্যবহার করবেন।**

১১. **কোনও প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণের (ডিভাইস/গ্যাজেটস ইত্যাদি) ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।**

১২. **ভুল উত্তরের জন্য কোনও রকম নেতিবাচক (Negative) নম্বর দেওয়া হবে না।**

# PAPER II

## (GEOGRAPHY)

**1.** When the axis of the fold is tilted and it forms an angle between the axis and the horizontal plane it is known as

(A) Overturned fold
(B) Plunge fold
(C) Monoclinal fold
(D) Nappe

**2.** *Assertion* (*A*) : The Rajmahal Hills, formed by eruption of basalts from the Kerguelen Hotspot 100 million years ago, are known for its basalt quarries.

*Reason* (*R*) : The 90-E ridge partly connects the Rajmahal Hills with the hotspot that erupted it.

(A) Both (*A*) and (*R*) are correct and (*R*) is the correct explanation of (*A*).
(B) Both (*A*) and (*R*) are correct and (*R*) is not the correct explanation of (*A*).
(C) (*A*) is correct but (*R*) is false.
(D) (*A*) is false but (*R*) is correct.

**3.** Steep rectilinear slope without change of angle is designated as

(A) Haldenhang
(B) Hogback
(C) Debris slope
(D) Primarrumpf

**4.** Which among the following letters is associated with unweathered stones at the base of a soil profile?

(A) D
(B) R
(C) S
(D) W

**1.** যখন ভাঁজের অক্ষ হেলে থাকে এবং সেটি অনুভূমিক তলের সাপেক্ষে একটি কোণ গঠন করে তাকে বলে

(A) উলটানো ভাঁজ
(B) প্লাঞ্জ ভাঁজ
(C) একনত ভাঁজ
(D) ন্যাপ ভাঁজ

**2.** *বিবৃতি* (*A*) : রাজমহল পাহাড় ব্যাসল্ট খাদানের জন্য পরিচিত, যা 100 মিলিয়ন বছর আগে কেরগুয়েলেন উষ্ণবিন্দু থেকে ব্যাসল্ট উদগীরণের ফলে গঠিত হয়।

*কারণ* (*R*) : 90-E শৈলশিরা রাজমহল পাহাড়কে আংশিকভাবে ওই উষ্ণবিন্দুর সঙ্গে যুক্ত করে যার উদগীরণের ফলে এর সৃষ্টি।

(A) (*A*) ও (*R*) দুটিই সঠিক, এবং (*R*) হল (*A*)-র সঠিক ব্যাখ্যা।
(B) (*A*) ও (*R*) দুটিই সঠিক কিন্তু (*R*), (*A*)-এর সঠিক ব্যাখ্যা নয়।
(C) (*A*) সঠিক কিন্তু (*R*) ভুল।
(D) (*A*) ভুল কিন্তু (*R*) সঠিক।

**3.** খাড়া সরলরৈখিক (rectilinear) ঢাল যেখানে ঢালের কৌণিক মান অপরিবর্তিত থাকে তাকে বলা হয়

(A) হ্যালডেন্হ্যাঙ
(B) হগব্যাক
(C) ক্ষয়াবিষ্ট ঢাল (Debris slope)
(D) প্রাইমারাম্প্ফ্

**4.** মৃত্তিকা পরিলেখের তলদেশে আবহবিকার না হওয়া শিলাখণ্ড নীচের কোন অক্ষরের সঙ্গে সম্পর্কযুক্ত?

(A) D
(B) R
(C) S
(D) W

**5.** Slow downhill movement of moist regolith under sustained shear stress without heaving is known as

(A) Rockslide
(B) Mud flow
(C) Frost heave
(D) Soil creep

**6.** Clay represents grains of

(A) < 0·5 μm
(B) < 1 μm
(C) < 2 μm
(D) < 4 μm

**7.** Which of the following is *not* the direct contribution of weathering in mass movement?

(A) Winnowing of the finer particles.
(B) Increase of water holding capacity in finer particles resulting in pore-water pressure.
(C) Breaking of particles into smaller size and reduction of angle of repose.
(D) Deduction of shear strength of materials by disintegration and decomposition.

**8.** The ratio of internal force to viscouse force in a fluid is known by

(A) Froude number
(B) Rossby number
(C) Ekman number
(D) Raynolds number

**9.** At–a–station hydraulic geometry equations of river indicated values of 'b' and 'f' to be 0·22 and 0·64, respectively. What is the expected value of 'm'?

(A) 0·34
(B) 0·24
(C) 0·14
(D) 0·04

**5.** নিরবচ্ছিন্ন স্পর্শক পীড়ন (shear stress) দ্বারা প্রভাবিত উত্তোলন (heave) ছাড়া, ঢাল বরাবর ধীরগতি সম্পন্ন আর্দ্র রেগলিথের প্রবাহকে বলে

(A) শিলা স্খলন (Rock slide)
(B) কর্দম প্রবাহ (Mud flow)
(C) বরফজনিত উত্তোলন (Frost heave)
(D) মৃত্তিকার ক্রমচলন (Soil creep)

**6.** কর্দম কণার মাপ

(A) < 0·5 μm
(B) < 1 μm
(C) < 2 μm
(D) < 4 μm

**7.** নিম্নলিখিত কোনটি পুঞ্জিত ক্ষয়ে, আবহবিকারের সরাসরি অবদান *নয়*?

(A) সূক্ষ্ম কণার উইনোইং (Winnowing)
(B) সূক্ষ্ম কণার জলধারণ ক্ষমতার বৃদ্ধির ফলে ছিদ্রস্থ জলচাপের (pore-water pressure) বৃদ্ধি
(C) কণার খণ্ডিতকরণের ফলে সূক্ষ্ম কণার গঠন এবং বিশ্রাম কোণের (angle of repose) হ্রাস
(D) বিচ্ছিন্নকরণ ও পচনের দ্বারা দ্রব্যের স্পর্শক ক্ষমতার (shear strength) হ্রাস

**8.** অন্তজ বল ও সান্দ্র বলের অনুপাতকে বলে

(A) ফ্রড সংখ্যা
(B) রস্‌বি সংখ্যা
(C) এক্‌ম্যান সংখ্যা
(D) রেনল্ড সংখ্যা

**9.** একটি নদীর স্থানিক হাইড্রলিক জ্যামিতির সমীকরণে 'b' এবং 'f' এর মান যথাক্রমে 0·22 ও 0·64। এক্ষেত্রে 'm'-এর প্রত্যাশিত মান হল

(A) 0·34
(B) 0·24
(C) 0·14
(D) 0·04

**10.** In areas modified by glaciers, kames represent

(A) A detached block of glacial ice.

(B) Remnants of disjoined lateral moraines.

(C) Terraces formed in valley sidewalls due to change in glacial mass balance.

(D) Mounds of stratified sands and gravels.

**10.** হিমবাহ দ্বারা পরিবর্তিত অঞ্চলে 'কেম' বলতে বোঝায়

(A) হিমবাহের বরফের একটি বিচ্ছিন্ন খণ্ড

(B) বিচ্ছিন্ন পার্শ্ব গ্রাবরেখার অবশিষ্টাংশ

(C) হিমবাহের ভর-ভারসাম্যের পরিবর্তনের ফলে উপত্যকার পার্শ্ব ঢালে মঞ্চের সৃষ্টি

(D) বালি ও নুড়ি স্তরায়িত ঢিবি

**11.** Which of the following statement is *not* true for katafront?

(A) Katafronts are less active.

(B) Warm airmass sinks relative to cold airmass.

(C) Warm airmass rises relative to the cold airmass.

(D) In Katafronts warm air is overrun by dry descending air.

**11.** নিম্নগামী বাতাগ্রের (Katafront) সম্পর্কে নিম্নলিখিত কোন বিবৃতিটি সঠিক *নয়* ?

(A) নিম্নগামী বাতাগ্রগুলি কম সক্রিয় হয়

(B) শীতল বায়ুপুঞ্জ অপেক্ষা উষ্ণ বায়ুপুঞ্জ নিম্নগামী হয়

(C) শীতল বায়ুপুঞ্জ অপেক্ষা উষ্ণ বায়ুপুঞ্জ ঊর্ধ্বগামী হয়

(D) নিম্নগামী বাতাগ্রে শুষ্ক নিম্নগামী বায়ু, উষ্ণ বায়ুকে অতিক্রম করে

**12.** Which of the following statement on insolation is *not* correct?

(A) Solar wavelengths shorter than 0·285 μm hardly penetrate below 20 km altitude of atmosphere and cannot reach earth's surface.

(B) Solar radiation is mostly in the short wave range of < 4 μm.

(C) About 38% of incoming solar energy is absorbed by ozone and water vapour.

(D) Insolation varies according to latitude.

**12.** সৌরকিরণ সম্পর্কে নিম্নলিখিত কোন বিবৃতিটি সঠিক *নয়* ?

(A) 0.285 μm থেকে ছোট তরঙ্গদৈর্ঘ্যের সৌর বিকিরণ 20 কিমি উচ্চতার নীচে বায়ুমণ্ডলকে প্রায় ভেদ করতে পারে না এবং পৃথিবীপৃষ্ঠে পৌঁছতে পারে না।

(B) সৌর বিকিরণ মূলত ক্ষুদ্র তরঙ্গের, যা < 4 μm।

(C) আগত সৌরশক্তির প্রায় 38% ওজোন এবং জলীয় বাষ্প দ্বারা শোষিত হয়।

(D) সৌরকিরণের পরিমাণ অক্ষাংশ অনুযায়ী পরিবর্তিত হয়।

**13.** *List-I* shows that astronomical effects on solar radiation and *List-II* shows their cycles. Choose the correct match from the follwing options:

| *List-I* | *List-II* |
|---|---|
| (a) Eccentricity of earth's orbit | (i) 21,000 years |
| (b) Axial tilt | (ii) 41,000 years |
| (c) Wobble and shift of axis at the time of perihelion | (iii) 95,000 years |

*Codes*:

| | (a) | (b) | (c) |
|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) |
| (B) | (iii) | (ii) | (i) |
| (C) | (i) | (iii) | (ii) |
| (D) | (iii) | (i) | (ii) |

**13.** *তালিকা-I*-তে সৌর বিকিরণের উপর মহাজাগতিক প্রভাব দেখানো হয়েছে আর *তালিকা-II*-তে সেইগুলির কালচক্র। নিম্নলিখিত বিকল্পগুলি থেকে সঠিক সমন্বয়টি বেছে নিন।

| *তালিকা-I* | *তালিকা-II* |
|---|---|
| (a) পৃথিবীর কক্ষপথের বিকেন্দ্রিকতা | (i) 21,000 বছর |
| (b) অক্ষের হেলে থাকা | (ii) 41,000 বছর |
| (c) অনুসূরের সময় অক্ষের টলায়মানতা ও পরিবর্তন | (iii) 95,000 বছর |

*কোড* :

| | (a) | (b) | (c) |
|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) |
| (B) | (iii) | (ii) | (i) |
| (C) | (i) | (iii) | (ii) |
| (D) | (iii) | (i) | (ii) |

**14.** *List-I* shows the components of atmosphere and *List-II* shows their possible sources.

| *List-I* | *List-II* |
|---|---|
| (a) $CH_4$ | (i) Respiration and decomposition by biota |
| (b) $N_2O$ | (ii) Microbial activity in soil |
| (c) $CO_2$ | (iii) Enteric fermentation in animal |

Choose the correct match from the following options.

*Codes*:

| | (a) | (b) | (c) |
|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) |
| (B) | (ii) | (iii) | (i) |
| (C) | (iii) | (ii) | (i) |
| (D) | (ii) | (i) | (iii) |

**14.** *তালিকা-I* এ বায়ুমণ্ডলের উপাদান আর *তালিকা-II* এ তাদের সম্ভাব্য উৎস দেখানো হয়েছে।

| *তালিকা-I* | *তালিকা-II* |
|---|---|
| (a) $CH_4$ | (i) জীব-দ্বারা শ্বসন ও পচন |
| (b) $N_2O$ | (ii) মৃত্তিকাতে জীবাণুর কার্য |
| (c) $CO_2$ | (iii) জন্তুর আন্ত্রিক গাঁজন |

নিম্নলিখিত বিকল্পগুলি থেকে সঠিক সমন্বয়টি বেছে নিন।

*কোড* :

| | (a) | (b) | (c) |
|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) |
| (B) | (ii) | (iii) | (i) |
| (C) | (iii) | (ii) | (i) |
| (D) | (ii) | (i) | (iii) |

**15.** Identify the criteria which is *not* related to the Bergeron-Fiendeisen Process:

(A) Mixed clouds with co-existence of ice and water.

(B) Differences in saturation vapour pressure.

(C) Migration of water vapour towards sublimation nuclei.

(D) The smaller droplets must be close to the axis of fall of larger drops to increase the collection efficiency.

**15.** কোন নির্ণায়কটি বারজেরন-ফিন্‌ডিসেন প্রক্রিয়ার সঙ্গে সম্পর্কযুক্ত *নয়* চিহ্নিত করুন?

(A) মিশ্র মেঘে বরফ ও জলের সহাবস্থান

(B) সম্পৃক্ত বাষ্পচাপের পার্থক্য

(C) বরফাকর্ষী কণার দিকে জলীয় বাষ্পের সঞ্চালন

(D) সংগ্রহ কার্যকারিতা বৃদ্ধির জন্য ক্ষুদ্র জলবিন্দুগুলিকে বৃহৎ জলবিন্দুর পতন-অক্ষের কাছাকাছি থাকতে হবে

**16.** Which of the following terms is a measure of the amount of water vapour in the air as a proportion of the maximum amount of water vapour the air could hold at the same temperature?

(A) Sublimation point

(B) Relative humidity

(C) Dew point

(D) Evaporation rate

**16.** কোনও নির্দিষ্ট তাপমাত্রায় বায়ুতে অবস্থিত জলীয় বাষ্পের পরিমাণ এবং সেই বায়ুর জলীয় বাষ্প ধারণ ক্ষমতার অনুপাতকে নিম্নলিখিত কোনটি দ্বারা পরিমাপ করা হয়?

(A) বরফকরণ বিন্দু

(B) আপেক্ষিক আর্দ্রতা

(C) শিশির বিন্দু

(D) বাষ্পীভবন হার

**17.** *Assertion (A)* : In orographic rainfall, the windward slope of a mountain range gets more rainfall than the lee slope.

*Reason (R)* : The warm humid air that descends down the slope gets warmed up and dry.

*Codes:*

(A) Both (*A*) and (*R*) are true, and *(R)* is the correct explanation of *(A)*.

(B) Both (*A*) and (*R*) are true, but *(R)* is not the correct explanation of *(A)*.

(C) *(A)* is true, but *(R)* is false.

(D) *(A)* is false, but *(R)* is true.

**17.** *বিবৃতি* (*A*) : শৈলোৎক্ষেপ বর্ষণে, পর্বতশ্রেণীর অনুবাত ঢাল অপেক্ষা প্রতিবাত ঢালে বেশি বৃষ্টিপাত হয়।

*কারণ* (*R*) : আর্দ্র-উষ্ণ বায়ু ঢাল বরাবর নামবার সময় উষ্ণ ও শুষ্ক হয়ে যায়।

*কোড* :

(A) (*A*) এবং (*R*) দুটিই সঠিক, এবং (*R*) হল (*A*)-র সঠিক ব্যাখ্যা।

(B) (*A*) এবং (*R*) দুটিই সঠিক, কিন্তু (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা নয়।

(C) (*A*) সঠিক কিন্তু (*R*) ভুল।

(D) (*A*) ভুল কিন্তু (*R*) সঠিক।

**18.** *Assertion (A)* : Temperature varies at different time of day.

*Reason (R)* : Radiation intensity per unit area as well as amount of reflection depends on the angle between solar rays and a tangent to the earth's surface at the time of observation.

*Codes:*

(A) Both (*A*) and (*R*) are correct, and *(R)* is the correct explanation of *(A)*.

(B) Both (*A*) and (*R*) are correct, but *(R)* is not the correct explanation of *(A)*.

(C) *(A)* is correct, but *(R)* is false.

(D) *(A)* is false, but *(R)* is correct.

**19.** Which among the following statements on tropical cyclone is *not* correct?

(A) Tropical cyclone mostly occurs in late summer and autumn when equatorial trough is displaced towards north and south.

(B) It does not occur along equator.

(C) At the eye of cyclone, adiabatic warming of decending airmass accentuates high temperature.

(D) It mostly occurs beneath jet stream.

**20.** The verticle temperature gradient called environmental lapse rate is

(A) 0·0065 °C/m

(B) 0·0060 °C/m

(C) 0·0055 °C/m

(D) 0·0050 °C/m

**18.** *বিবৃতি* (*A*) : দিনের বিভিন্ন সময়ে তাপমাত্রার পরিবর্তন হয়।

*কারণ* (*R*) : প্রতি একক ক্ষেত্রফলে সৌর বিকিরণের তীব্রতা এবং প্রতিফলনের পরিমাণ, পর্যবেক্ষণের সময়ে সৌর রশ্মি ও পৃথিবীপৃষ্ঠের একটি স্পর্শকের মধ্যবর্তী কোণের উপর নির্ভর করে।

*কোড* :

(A) (*A*) এবং (*R*) দুটিই সঠিক, এবং (*R*) হল (*A*)-র সঠিক ব্যাখ্যা।

(B) (*A*) এবং (*R*) দুটিই সঠিক, কিন্তু (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা নয়।

(C) (*A*) সঠিক কিন্তু (*R*) ভুল।

(D) (*A*) ভুল কিন্তু (*R*) সঠিক।

**19.** ক্রান্তীয় ঘূর্ণিঝড় সম্পর্কিত কোন বিবৃতটি সঠিক *নয়*?

(A) ক্রান্তীয় ঘূর্ণিঝড় বেশিরভাগ গ্রীষ্মের শেষ পর্যায়ে এবং শরৎকালে হয়, যখন নিরক্ষীয় চাপ দ্রোণী উত্তর এবং দক্ষিণে সরে যায়।

(B) এগুলি নিরক্ষরেখার কাছে দেখা যায় না।

(C) ঘূর্ণিঝড়ের চক্ষুতে, নিম্নগামী বায়ুপুঞ্জের রুদ্ধতাপ উষ্ণীভবন (adiabatic warming) তাপমাত্রা বাড়িয়ে তোলে।

(D) এগুলি বেশিরভাগ ক্ষেত্রে জেট প্রবাহের নীচে দেখা যায়।

**20.** তাপমাত্রার উল্লম্ব ঢাল যাকে বলে প্রাকৃতিক তাপ হ্রাসহার (environmental lapse rate) তা হল

(A) 0.0065 °C/m

(B) 0.0060 °C/m

(C) 0.0055 °C/m

(D) 0.0050 °C/m

**21.** *Assertion (A)* : Sea surface temperature is less than air temperature between 40ºN to 40ºS and thereafter towards pole in both hemisphere it is opposite.

*Reason (R)* : Insolation is the sole source of ocean temperature which is high along equator and reduces towards pole.

*Codes:*

(A) Both (*A*) and (*R*) are correct, and *(R)* is the correct explanation of *(A)*.

(B) Both (*A*) and (*R*) are correct, but *(R)* is not the correct explanation of *(A)*.

(C) *(A)* is true, but *(R)* is false.

(D) *(A)* is false, but *(R)* is true.

**21.** *বিবৃতি* (*A*) : 40ºN থেকে 40ºS-এর মধ্যবর্তী অঞ্চলে সমুদ্রতলের তাপমাত্রা বায়ুর তাপমাত্রার থেকে কম, এরপর উভয় গোলার্ধেই মেরু অভিমুখে পরিস্থিতি বিপরীত।

*কারণ* (*R*) : সৌরকিরণ সামুদ্রিক তাপমাত্রার একমাত্র উৎস; এটি নিরক্ষরেখায় অধিক এবং মেরু অভিমুখে হ্রাস পায়।

*কোড* :

(A) (*A*) এবং (*R*) উভয়ই সঠিক এবং (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা।

(B) (*A*) এবং (*R*) উভয়ই সঠিক এবং (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা নয়।

(C) (*A*) সঠিক কিন্তু (*R*) ভুল।

(D) (*A*) ভুল কিন্তু (*R*) সঠিক।

**22.** *Assertion (A)* : Coasts are relatively warmer near onshore wind but colder where wind blows from land towards sea.

*Reason (R)* : Onshore wind piles up warm water near the coast whereas wind from land drives warm water away from the coast and cold bottom water upwells.

*Codes:*

(A) Both (*A*) and (*R*) are correct, and *(R)* is the correct explanation of *(A)*.

(B) Both (*A*) and (*R*) are correct, but *(R)* is not the correct explanation of *(A)*.

(C) *(A)* is correct, and *(R)* is false.

(D) *(A)* is false, and *(R)* is correct.

**22.** *বিবৃতি* (*A*) : সমুদ্রবায়ুর নিকটবর্তী উপকূল, স্থলবায়ু প্রবহমান অঞ্চলের তুলনায় অধিক উষ্ণ হয়।

*কারণ* (*R*) : সমুদ্রবায়ু উপকূলের নিকট উষ্ণ জল পুঞ্জিত করে, অন্যদিকে স্থলবায়ু উপকূলের থেকে উষ্ণ জল সরিয়ে দেয় এবং সেখানে সমুদ্র-গভীরের শীতল জল উঠে আসে।

*কোড* :

(A) (*A*) এবং (*R*) উভয়ই সঠিক এবং (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা।

(B) (*A*) এবং (*R*) উভয়ই সঠিক কিন্তু (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা নয়।

(C) (*A*) সঠিক কিন্তু (*R*) ভুল।

(D) (*A*) ভুল কিন্তু (*R*) সঠিক।

**23.** Which of the following statements about ocean-floor relief is *false*?

(A) Ocean-floor relief is more undulating than land relief.

(B) Average depth of ocean is about –3800 m and average elevation of continental landmass is 840 m.

(C) Deepest parts of the ocean always lie in ocean floor away from the coast.

(D) Relief is more complex along active continental margin than a passive one.

**24.** In ocean, the rule of constant proportion relates to

(A) Salinity

(B) Water mass identification

(C) T-S diagram

(D) Pressure : Density ratio

**25.** A line connecting equal depths below a water surface is called

(A) Isobase

(B) Isodeep

(C) Isodepth

(D) Isobath

**26.** The circular orbital motion of water molecules in waves declines with depth. Eventually at some depth there is no more circular movement.

(A) This is the wave base and is equivalent to 1/2 of the wavelength.

(B) This is the wave base and is equivalent to 1/20 of the wavelength.

(C) This is wave amplitude and is equivalent to 1/20 of the wavelength.

(D) This is the ocean bottom and is equivalent to 1/2 of the wavelength.

**23.** সাগর তলদেশের ভূপ্রকৃতির উপর নিম্ন প্রদত্ত বিবৃতিগুলির মধ্যে কোনটি *ভুল*?

(A) সমুদ্র তলদেশের ভূপ্রকৃতি স্থলদেশের ভূপ্রকৃতির তুলনায় অধিক বন্ধুর।

(B) সমুদ্রের গড় গভীরতা প্রায় -3800 মি এবং স্থলদেশের গড় উচ্চতা 840 মি।

(C) সমুদ্রের গভীরতম অংশগুলি সর্বদা তটভূমির থেকে দূরের সমুদ্রতলে অবস্থান করে।

(D) নিষ্ক্রিয় মহাদেশীয় সীমানার তুলনায় ক্রিয়াশীল সীমানার ভূপ্রকৃতি অধিক জটিল।

**24.** মহাসমুদ্রে ধ্রুব অনুপাতের নিয়ম, এর সঙ্গে সম্পর্কিত—

(A) লবণতা

(B) জলপুঞ্জের শনাক্তকরণ

(C) টি-এস লেখচিত্র

(D) চাপ : ঘনত্ব অনুপাত

**25.** যে রেখা জলপৃষ্ঠের তলদেশের সমান গভীরতাকে নির্দেশ করে, তাকে বলে

(A) আইসোবেস

(B) আইসোডিপ

(C) আইসোডেপথ

(D) আইসোবাথ

**26.** ঢেউ-এর জলকণার চক্রাকার চলন গভীরতার সঙ্গে হ্রাস পায়। অবশেষে, কোনো এক গভীরতায় চক্রাকার চলন বন্ধ হয়ে যায়। একে

(A) তরঙ্গ-তলদেশ বলে এবং এটি তরঙ্গদৈর্ঘ্যের $\frac{1}{2}$-এর সমান।

(B) তরঙ্গ-তলদেশ বলে এবং এটি তরঙ্গদৈর্ঘ্যের $\frac{1}{20}$-র সমান।

(C) তরঙ্গ-উচ্চতা (amplitude) বলে এবং এটি তরঙ্গদৈর্ঘ্যের $\frac{1}{20}$ -র সমান।

(D) তরঙ্গ-উচ্চতা (amplitude) বলে এবং এটি তরঙ্গদৈর্ঘ্যের $\frac{1}{2}$-এর সমান।

**27.** The sea water is saline because of

(A) Operation of the hydrological cycle.

(B) Volcanic out-gassing.

(C) Solution of saltes derived from ocean-floor rocks.

(D) Evaporite formation.

**27.** সমুদ্রজলের লবণাক্ততার কারণ

(A) উদকচক্রের ক্রিয়া

(B) আগ্নেয়গিরি-নির্গত গ্যাস

(C) সমুদ্রতলের শিলাস্তর থেকে আহরিত লবণের দ্রবণ

(D) ইভাপোরাইট গঠন

**28.** Ekman transport in the southern hemisphere occurs

(A) 45° to the left of the wind direction.

(B) 45° to the right of the wind direction.

(C) 90° to the left of the wind direction.

(D) 90° to the right of the wind direction.

**28.** দক্ষিণ গোলার্ধে একম্যান পরিবহণ ঘটে

(A) বায়ুপ্রবাহের অভিমুখের 45° বামে

(B) বায়ুপ্রবাহের অভিমুখের 45° ডাইনে

(C) বায়ুপ্রবাহের অভিমুখের 90° বামে

(D) বায়ুপ্রবাহের অভিমুখের 90° ডাইনে

**29.** Sea water density does *not* decrease with

(A) Increasing salinity

(B) Decreasing pressure

(C) Increasing temperature

(D) Decreasing depth

**29.** সমুদ্রজলের ঘনত্ব এই পরিবর্তনের সঙ্গে হ্রাসপ্রাপ্ত হয় না—

(A) লবণতা বৃদ্ধি

(B) চাপ হ্রাস

(C) তাপ বৃদ্ধি

(D) গভীরতা হ্রাস

**30.** Development of the earth's tidal bulge on the opposite direction of the moon is best explained by

(A) Centrepetal force

(B) Gravitational force

(C) Centrifugal force

(D) Coriolis force

**30.** চাঁদের বিপরীত দিকে সৃষ্ট পৃথিবীর জোয়ারী স্ফীতির সর্বাপেক্ষা গ্রহণযোগ্য ব্যাখ্যা হল

(A) কেন্দ্রাভিগ বল

(B) মাধ্যাকর্ষণ বল

(C) কেন্দ্রাতিগ বল

(D) কোরিয়লিস বল

**31.** Read the following statements and choose the correct option

(i) In nitrification $NH_4^+$ is converted to $NO_3^-$.

(ii) In denitrification bacteria uses $NO_3^-$ for metabolism.

(iii) Nitrogen is more adundant element in living organism than carbon, hydrogen and oxygen.

(iv) In nitrogen fixation, nitrogen is converted to ammonia.

*Codes:*

(A) (i), (ii) and (iii) are correct but (iv) is incorrect.

(B) (i), (ii), (iii) and (iv) are correct.

(C) (ii), (iii) and (iv) are correct but (i) is incorrect.

(D) (i), (iii) and (iv) are correct but (ii) is incorrect.

**31.** নিম্নপ্রদত্ত বিবৃতিগুলি পাঠ করুন এবং সঠিক বিকল্পটি চয়ন করুন

(i) নাইট্রোজেন-সংযুক্তিকরণের সময় $NH_4^+$, $NO_3^-$-এ রূপান্তরিত হয়।

(ii) নাইট্রেজেন-বিযুক্তিকারী জীবাণু বিপাক-প্রক্রিয়ায় $NO_3^-$ ব্যবহার করে।

(iii) জীবিত প্রাণীকুলে, কার্বন, হাইড্রোজেন এবং অক্সিজেনের তুলনায় নাইট্রোজেন প্রতুলতর উপাদান।

(iv) নাইট্রোজেন-সংযুক্তিকরণের সময়, নাইট্রোজেন অ্যামোনিয়ায় রূপান্তরিত হয়।

*কোড* :

(A) (i), (ii), (iii) সঠিক কিন্তু (iv) ভুল

(B) (i), (ii), (iii), (iv) সঠিক

(C) (ii), (iii), (iv) সঠিক কিন্তু (i) ভুল

(D) (i), (iii), (iv) সঠিক কিন্তু (ii) ভুল

**32.** *Assertion (A)* : Corals become bleached.

*Reason (R)* : Zooxanthellae is damaged by intense ultraviolet radiation, xenobiotic contaminants, alteration of ocean salinity & temperature and intense sedimentation.

*Codes:*

(A) Both (*A*) and (*R*) are correct, and *(R)* is the correct explanation of *(A)*.

(B) Both (*A*) and (*R*) are correct, and *(R)* is not the correct explanation of *(A)*.

(C) *(A)* is correct, but *(R)* is wrong.

(D) *(A)* is wrong, but *(R)* is correct.

**32.** *বিবৃতি* (*A*) : প্রবাল বর্ণহীন হয়ে যায়।

*কারণ* (*R*) : তীব্র অতিবেগুনী বিকিরণ, জেনোবায়োটিক দূষণকারী পদার্থসমূহ, সমুদ্রজলে লবণতা ও উত্তাপের পরিবর্তন এবং অতিমাত্রার অবক্ষেপণের কারণে জুজেন্থলি ক্ষতিগ্রস্ত হয়।

*কোড* :

(A) (*A*) এবং (*R*) উভয়ই সঠিক এবং (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা।

(B) (*A*) এবং (*R*) উভয়ই সঠিক এবং (*R*), (*A*)-র সঠিক ব্যাখ্যা নয়।

(C) (*A*) সঠিক কিন্তু (*R*) ভুল।

(D) (*A*) ভুল কিন্তু (*R*) সঠিক।

**33.** *Assertion (A)* : Ozone hole centers on polar regions.

*Reason (R)* : During dark austral winter, ozone along with destructive pollutants (CFC and $NO_x$) are trapped in circum-polar vortex. In the austral spring this ozone is destroyed.

*Codes:*

(A) Both (*A*) and (*R*) are correct, and *(R)* is the full explanation of *(A)*.

(B) Both (*A*) and (*R*) are correct, and *(R)* is not the full explanation of *(A)*.

(C) *(A)* is correct, but *(R)* is wrong.

(D) *(A)* is wrong, but *(R)* is correct.

**33.** *বিবৃতি* (*A*) : ওজোন গহ্বর মেরু অঞ্চল কেন্দ্রিক।

*কারণ* (*R*) : দক্ষিণ গোলার্ধের অন্ধকারাচ্ছন্ন শীতকালে বিনাশ-সংঘটক দূষণকারী পদার্থ (CFC ও $NO_x$)-সহ ওজোন মেরুবেষ্টিত ঘূর্ণিতে আটকা পড়ে। দক্ষিণ গোলার্ধের বসন্তকালে এই ওজোন ধ্বংসপ্রাপ্ত হয়।

*কোড* :

(A) (*A*) এবং (*R*) উভয়ই সঠিক এবং (*R*), (*A*)-র সম্পূর্ণ ব্যাখ্যা।

(B) (*A*) এবং (*R*) উভয়ই সঠিক এবং (*R*), (*A*)-র সম্পূর্ণ ব্যাখ্যা নয়।

(C) (*A*) সঠিক কিন্তু (*R*) ভুল।

(D) (*A*) ভুল কিন্তু (*R*) সঠিক।

**34.** Read the following statements on primary productivity and choose the correct option

(i) In deep sea hydrothermal ecosystem, initial source of energy is not the solar radiation.

(ii) About 50% of incoming solar radiation is photosynthetically active radiation (PAR).

(iii) Only a meagre quantity (2-10%) of PAR is used in primary production on which entire world sustains.

*Codes:*

(A) (i) and (ii) are correct but (iii) is wrong.

(B) (ii) and (iii) are correct but (i) is wrong.

(C) (i) and (iii) are correct but (ii) is wrong.

(D) (i), (ii) and (iii) are correct.

**34.** প্রাথমিক উৎপাদনশীলতা বিষয়ক নিম্নপ্রদত্ত বিবৃতিগুলি পড়ুন ও সঠিক বিকল্পটি চয়ন করুন

(i) গভীর সমুদ্রের জল-তাপীয় বায়ুতন্ত্রে, প্রাথমিক শক্তির উৎস সৌরকিরণ নয়।

(ii) সৌরকিরণের প্রায় 50% হল সালোকসংশ্লেষ-সক্রিয় বিকিরণ (PAR)।

(iii) PAR-এর সামান্য পরিমাণই (2–10%) প্রাথমিক উৎপাদনশীলতায় ব্যবহৃত হয় যার উপর ভিত্তি করে সারা পৃথিবী বেঁচে থাকে।

*কোড* :

(A) (i) এবং (ii) সঠিক, কিন্তু (iii) ভুল।

(B) (ii) এবং (iii) সঠিক, কিন্তু (i) ভুল।

(C) (i) এবং (iii) সঠিক, কিন্তু (ii) ভুল।

(D) (i), (ii) এবং (iii) সঠিক।

**35.** In terrestrial ecosystem, the biomass is about 90-99% less at each higher trophic level. This is known as

(A) Biomass cascade

(B) Food chain

(C) Biomas pyramid

(D) Ecological succession

**35.** স্থলভাগের বাস্তুতন্ত্রগুলিতে, জৈবভর প্রতি উচ্চতর ট্রফিক পর্যায়ে 90–99% কম। একে বলে

(A) জৈবভর প্রপাত

(B) খাদ্য শৃঙ্খল

(C) জৈবভর পিরামিড

(D) বাস্তুতান্ত্রিক পর্যায়ক্রম

**36.** Which among the following is *not* an air pollutant?

(A) Arsenopyrite
(B) Carbon monoxide
(C) Volatile organic compounds
(D) Nitric oxide

**36.** নিম্নলিখিত পদার্থগুলির কোনটি বায়ুদূষণকারী নয়?

(A) আর্সেনোপাইরাইট
(B) কার্বন মনোক্সাইড
(C) উদ্বায়ী জৈবপদার্থ সমূহ
(D) নাইট্রিক অক্সাইড

**37.** The United Nations Framework Convention on Climate Change (UNFCCC) is also known as

(A) Kyoto protocol
(B) Vienna convention
(C) Earth summit
(D) Montreal protocol

**37.** 'ইউনাইটেড নেশনস ফ্রেমওয়ার্ক কনভেনশন অন ক্লাইমেট চেঞ্জ (UNFCCC)'-এর অন্য নাম

(A) কিয়োটো প্রোটোকল
(B) ভিয়েনা কনভেনশন
(C) আর্থ সামিট
(D) মন্ট্রিল প্রোটোকল

**38.** The 2-degree climate target has set the following year to achieve it

(A) 2050
(B) 2075
(C) 2100
(D) 2125

**38.** কোন বছর 'দুই-ডিগ্রী জলবায়ুর লক্ষ্য' অর্জনের জন্য নির্ধারিত?

(A) 2050
(B) 2075
(C) 2100
(D) 2125

**39.** Which among the following statements on deep ecology is correct?

(A) An ecosystem with more than five tropic levels.
(B) A firmly established ecosystem not threatened by anthropogenic intervention.
(C) An environmental philosophy.
(D) Ecology of the bathyal and abyssal zones of the ocean.

**39.** 'ডিপ ইকোলজি'-সম্পর্কিত নিম্নের বিবৃতিগুলির মধ্যে কোনটি সঠিক?

(A) পাঁচটির অধিক ট্রফিক-পর্যায় যুক্ত বাস্তুতন্ত্র
(B) দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত বাস্তুতন্ত্র যা মনুষ্য প্রভাবে ক্ষতিগ্রস্ত নয়
(C) একটি পরিবেশবাদী দর্শন
(D) মহাসাগরের ব্যাথিয়াল ও অ্যাবিসাল অঞ্চলের বাস্তুবিদ্যা

**40.** Which among the following is the correct sequence of hosting Conference of Parties since 2017?

(A) Madrid, Katowice, Bonn, Glasgow, Sharm el-Sheikh

(B) Bonn, Katowice, Madrid, Glasgow, Sharm el-Sheikh

(C) Katowice, Madrid, Bonn, Sharm el-Sheikh, Glasgow

(D) Bonn, Madrid, Katowice, Glasgow, Sharm el-Sheikh

**40.** 2017-থেকে 'কনফারেন্স অফ পার্টিজ়' আয়োজক শহরগুলির সঠিক ক্রম কোনটি?

(A) মাদ্রিদ, কাটোওয়াইস, বন, গ্লাসগো, শার্ম এল-শেখ

(B) বন, কাটোওয়াইস, মাদ্রিদ, গ্লাসগো, শার্ম এল-শেখ

(C) কাটোওয়াইস, মাদ্রিদ, বন, শার্ম এল-শেখ, গ্লাসগো

(D) বন, মাদ্রিদ, কাটোওয়াইস, গ্লাসগো, শার্ম এল-শেখ

**41.** Which one of the following areas is characterised by low fertility rate, low mortality rate and high population growth rate?

(A) The urban areas

(B) The rural areas

(C) The economically under developed areas

(D) Both (A) and (C)

**41.** নিম্নলিখিত কোন এলাকাটি নিম্ন জননক্ষমতা (fertility) হার, নিম্ন মৃত্যু হার ও উচ্চ জনসংখ্যা বৃদ্ধি হারের বৈশিষ্ট্য বহন করে?

(A) শহর এলাকা

(B) গ্রামীণ এলাকা

(C) অর্থনৈতিকভাবে অনুন্নত এলাকা

(D) (A) এবং (C) উভয়ই

**42.** *Assertion (A)* : The female work participation in the urban areas of India is lower than that of male work participation.

*Reason (R)* : The sex ratio (number of female per thousand males) is significantly lower in urban areas of India than that of rural areas.

*Codes:*

(A) Both (*A*) and (*R*) are true, and *(R)* is the correct explanation of *(A)*.

(B) Both (*A*) and (*R*) are true, but *(R)* is not the correct explanation of *(A)*.

(C) *(A)* is true, but *(R)* is false.

(D) *(A)* is false, but *(R)* is true.

**42.** *বিবৃতি* (*A*) : ভারতের শহরাঞ্চলে নারীর কর্ম নিযুক্তি, পুরুষ কর্ম নিযুক্তির তুলনায় কম হয়।

*কারণ* (*R*) : গ্রামীণ এলাকার তুলনায় শহর এলাকায় লিঙ্গ অনুপাত (নারীর সংখ্যা প্রতি হাজার পুরুষে) উল্লেখযোগ্যভাবে কম।

*কোড* :

(A) (*A*) এবং (*R*) উভয়ই সঠিক, এবং (*R*) হল (*A*)-র সঠিক ব্যাখ্যা।

(B) (*A*) এবং (*R*) উভয়ই সঠিক, কিন্তু (*R*), (*A*)-এর সঠিক ব্যাখ্যা নয়।

(C) (*A*) সঠিক, কিন্তু (*R*) ভুল।

(D) (*A*) ভুল, কিন্তু (*R*) সঠিক।

**43.** Which of the following statements relating to population characteristics is/are correct?

(i) The trend of population growth in India can be best represented through exponential trend method.

(ii) The demographic transition model suggets that mortality rate determines fertility rate in the form of positive relationship.

(iii) Horizontal occupational mobility refers to the process of change in the occupation from one type to another.

(iv) Although the arithmetic density of population in mountainous region is quite low, its physiological density can be quite high.

*Codes:*

(A) Only (i)

(B) Only (i) and (ii)

(C) (i), (iii) and (iv)

(D) (i), (ii) and (iv)

**43.** নিম্নলিখিত জনসংখ্যা সম্পর্কিত বিবৃতিগুলির মধ্যে কোনটি/কোনগুলি সঠিক?

(i) ভারতের জনসংখ্যা বৃদ্ধির গতিপ্রকৃতি ঘাতপ্রবণতা (exponential) পদ্ধতির মাধ্যমে সবচেয়ে ভাল দেখান যায়।

(ii) জনসংখ্যা সন্ধিক্ষণ তত্ত্বে বলে যে ধনাত্মক সম্পর্কে মৃত্যুহার ধারণক্ষমতা হারকে নির্ধারণ করে।

(iii) সমান্তরাল পেশা চলমানতা বলতে বোঝায় এক পেশা থেকে অন্য পেশায় পরিবর্তনের প্রক্রিয়া।

(iv) পার্বত্য অঞ্চলে পাটিগাণিতিক জনঘনত্ব কম হলেও শারীরবৃত্তীয় জনঘনত্ব যথেষ্ট বেশি।

*কোড :*

(A) কেবলমাত্র (i) সঠিক

(B) কেবলমাত্র (i) এবং (ii) সঠিক

(C) (i), (iii) এবং (iv) সঠিক

(D) (i), (ii) এবং (iv) সঠিক

**44.** *Assertion (A)* : Sex ratio of population in Kerala and other parts of Southern India is very high.

*Reason (R)* : The life expectancy of female population is higher than male population in Kerala and other parts of Southern India.

*Codes:*

(A) Both (*A*) and (*R*) are true, and *(R)* is the correct explanation of *(A)*.

(B) Both (*A*) and (*R*) are true, but *(R)* is not the correct explanation of *(A)*.

(C) *(A)* is true, but *(R)* is false.

(D) *(A)* is false, but *(R)* is true.

**44.** *বিবৃতি* (*A*) : কেরালা ও দক্ষিণ ভারতের অন্য অংশের জনসংখ্যার লিঙ্গ অনুপাত খুব বেশি।

*কারণ* (*R*) : কেরালা ও দক্ষিণ ভারতের অন্যান্য অংশের নারীর আয়ুষ্কাল পুরুষের চেয়ে বেশি।

*কোড :*

(A) (*A*) এবং (*R*) উভয়ই সঠিক, এবং (*R*) হল (*A*)-র সঠিক ব্যাখ্যা।

(B) (*A*) এবং (*R*) উভয়ই সঠিক, কিন্তু (*R*), (*A*)-এর সঠিক ব্যাখ্যা নয়।

(C) (*A*) সঠিক, কিন্তু (*R*) ভুল।

(D) (*A*) ভুল, কিন্তু (*R*) সঠিক।

**45.** Among the following statements of population as per 2011 census data, which is/are correct?

(i) The state with highest proportion of Christian population is Mizoram.
(ii) The state with higher proportion of Hindu population is Himachal Pradesh.
(iii) The state with higher proportion of scheduled castes population is Punjab.
(iv) The state with highest proportion of Muslim population is Assam.

*Codes:*
(A) (i) only
(B) (i) and (ii)
(C) (ii) and (iii)
(D) (i), (ii), (iii) and (iv)

**45.** 2011 আদমশুমারি অনুসারে নিম্নলিখিত জনসংখ্যা সম্পর্কিত কোন বিবৃতিটি/বিবৃতিগুলি সঠিক?

(i) সর্বোচ্চ খ্রিস্টান জনসংখ্যার রাজ্য হল মিজোরাম।
(ii) সর্বোচ্চ হিন্দু জনসংখ্যার রাজ্য হল হিমাচল প্রদেশ।
(iii) সর্বোচ্চ তপশিলি জাতি জনসংখ্যার রাজ্য হল পাঞ্জাব।
(iv) সর্বোচ্চ মুসলিম জনসংখ্যার রাজ্য হল আসাম।

*কোড ঃ*
(A) কেবলমাত্র (i) সঠিক
(B) (i) ও (ii) সঠিক
(C) (ii) ও (iii) সঠিক
(D) (i), (ii), (iii) এবং (iv)

**46.** Which of the following relating to Rank-Size relationship of cities is/are correct?

(i) According to Rank-Size Rule, $P_r = KR^{-b}$.
(ii) According to the law of primate city, the Primacy Index = $\frac{P_1}{P_2}$.
(iii) The analysis of Rank-Size relationship suggests that the gradient of regression line is steeper in the urban systems of developed countries as compared to that of less developed countries.

*Codes*:
(A) Only (i)
(B) Only (ii)
(C) (i) and (iii)
(D) (i) and (ii)

**46.** নীচের কোনটি/কোনগুলি শহরের ক্রম-আয়তন সম্পর্ককে সঠিকভাবে নির্দেশ করে?

(i) ক্রম-আয়তন সূত্রানুযায়ী $P_r = KR^{-b}$
(ii) প্রধান শহরের সূত্রানুযায়ী প্রাধান্য সূচক হল = $\frac{P_1}{P_2}$
(iii) ক্রম-আয়তন সম্পর্ক বলে যে অনুন্নত দেশের শহরায়ন প্রক্রিয়ায় রিগ্রেশন (regression) রেখার নতির তুলনায় উন্নত দেশের শহরায়ন প্রক্রিয়ায় ঐ রেখার নতি অনেক খাড়াই।

*কোড :*
(A) কেবলমাত্র (i) সঠিক
(B) কেবলমাত্র (ii) সঠিক
(C) (i) ও (iii) সঠিক
(D) (i) ও (ii) সঠিক

**47.** Ethnicity tends to produce social areas of neighbourhoods which are

(A) sectors
(B) clusters or nuclei
(C) radial
(D) concentric zones

**48.** Which of the following is correctly arranged sequentially, from the earliest to the latest the types of social changes as identified by Mumford's theory of origin of towns?

(A) Paleotechnic, Neotechnic, Eotechnic, Biotechnic
(B) Eotechnic, Paleotechnic, Neotechnic, Biotechnic
(C) Biotechnic, Neotechnic, Paleotechnic, Eotechnic
(D) Paleotechnic, Eotechnic, Neotechnic, Biotechnic

**49.** In the context of Urban Economic Base Theory, if the non-basic employment is higher than the basic employment in an urban unit, it leads to

(A) Urban economic stagnation
(B) Urban economic recession
(C) Balanced urban growth
(D) Urban economic momentum

**50.** Which of the following is/are correct?

(i) Patrick Geddes – City region
(ii) Walter Christaller – Settlement hierarchy
(iii) Colin Clark – Urban population density gradient
(iv) W. J. Reilly – Breaking Point theory

*Codes*:
